



নং- ৫৭.০০.০০০০.০৮৫.২৭.০৫৯.২০-২১৩

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
১৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার সদর উপজেলার লক্ষীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসাটি 'মোহাম্মদীয়া ট্রাস্ট' কর্তৃক পরিচালনার পরিবর্তে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী পরিচালনা সংক্রান্ত।


সূত্র: ১. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-নং- ৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮-৭৫, তারিখ: ২০.০২.২০২০খ্রি।
২. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৮৮/৩/চাঁদপুর-১৯১, তারিখ: ২৫.১০.২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার সদর উপজেলার লক্ষীপুর মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসাটি 'মোহাম্মদীয়া ট্রাস্ট' কর্তৃক পরিচালনার পরিবর্তে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী পরিচালনা বিষয়ে ০৭(সাত) দিনের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রস্ব-১ নং স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়। কিন্তু এ বিষয়ে গত ২৫.১০.২০২০ তারিখের জারীকৃত পত্রে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায়, নিম্নোক্ত তথ্যাদি প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) টিএমইডি'র নির্ধারিত সময়ের প্রায় ০৭(সাত) মাস পর প্রতিবেদন (দেবী করার কারণ উল্লেখ না করে) দাখিলের (তদন্তকারী কর্মকর্তাকে কারণ ব্যাখ্যা) কারণ কি;

(খ) আদালতের নির্দেশনা থাকা সত্ত্বেও প্রবিধান ৫০ এর বিধান প্রয়োগে আইনগত সুযোগ আছে কিনা এ মর্মে মতামত(চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং তদন্তকারী কর্মকর্তা) এবং

(গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের রেজিষ্টার কর্তৃক ০৩(তিন) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দেয়ার আইনগত সুযোগ রয়েছে কিনা এ বিষয়ে মতামত।


(সুয়েদ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
৯৫৪৫৭২০

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বক্শিবাজার, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।